দৈনিক খবর

তারিখ 20 SEP 1991 পৃষ্ঠা ৪ কলাম ৫

৩

## ইসলামী বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

# ছাত্রলীগ-শিবির সংঘর্ষ ঃ ১০ জন আহত

68

কুষ্টিয়া, ১৯শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ (শা-অ) ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। বুধবার ছাত্রলীগ মহান শিক্ষা দিবস উপলক্ষে ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী মিছিল ও সমাবেশের আয়োজন করে। পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী সকাল ১০টায় ছাত্রলীগের একটি মিছিল পিটিআই হলে প্রবেশ করতে চাইলে শিক্ষক ও পুলিশের উপস্থিতিতে ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা ছাত্রলীগের মিছিলে হামলা চালালে উভয় সংগঠনের কর্মীদের সংঘর্ষ বেধে যায়।

এ সময় শিবির কর্মীরা পুলিশের উপস্থিতিতে আগ্নেয়াস্ত্র ব্যবহার করে। সংঘর্ষে ছাত্র শিবিরের বহিরাগত মাস্তানদের হামলায় ছাত্রলীগের জুয়েলসহ আরো বেশ ক'জন ছাত্রলীগ কর্মী আহত হয়। অপরদিকে শিবিরের বহিরাগত মাস্তান তাজু আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে।

এ ঘটনার পর ছাত্রলীগের মিছিল শেষে সমাজ বিজ্ঞান অনুষদের সামনে এক সমাবেশের আয়োজন করে। ছাত্রনেতা শাজাহান আলম সাজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন হাবিবুল হক পুলক, কাইয়ুম খান, মনিরুজ্জামান মনির, ইকবাল মাহমুদ ও এম এল কবির তুহীন।

সমাবেশে বক্তারা ২৪ ঘন্টার মধ্যে হল তল্লাশী ও বহিরাগতদের গ্রেফতার না করলে ক্যাম্পাস অবরোধ করা হবে বলে ঘোষণা করে। এদিকে পুলিশ হল তল্লাশীর অনুমতি চাইলেও ভিসি অনুমতি দেয়নি বলে জানা গেছে।